## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা শিক্ষা অফিসারের কার্যালয়
ঠাকুরগাঁও
E-mail:thakurgaondeo2008@yahoo.com

স্মারক নম্বর: ৩৭.০২.৯৪০০.০০০.০৯.০০১.২৫ ১৯২৯ তারিখ: ১৩-০২-২০২৫ খ্রিঃ

বিষয়: শহিদ দিবস ও আন্তজার্তিক মাতৃভাষা দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় উদযাপন প্রসঙ্গে।

সূত্রঃ(১)মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের স্মরক নং ৩৭.০২.০০০০.১০১.২৩.০০১.২২ (অংশ-১)৭১৭/৬;তারিখঃ১১-০২-২৫ খ্রিঃ
(২) জেলা প্রশাসক ঠাকুরগাঁও মহোদয়ের স্মারক নং০৫.৫৫.৯৪০০.০০৫.০৪.০০১.২৫-৮৩, তারিখ:০৩-০২-২০২৫ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রদ্বয়ের আলোকে জানানো যাচ্ছে যে, শহিদ দিবস ও আন্তজার্তিক মাতৃভাষা দিবস ২০২৪ যথাযোগ্য মর্যাদায় উদ্যাপনের লক্ষ্যে আগামী ২১ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে তাঁর উপজেলাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে (স্কুল,কলেজ,মাদ্রাসা) জাতীয় ও জেলা /উপজেলা প্রশাসনের গৃহিত কর্মসূচির সাথে সঙ্গতি রেখে দিবসটি যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে পালনের নির্দেশনা রয়েছে। উল্লেখ্য যে, ২১ ফেব্রুয়ারি শহিদ দিবসে সকল শিক্ষা প্রতিষ্ঠান খোলা রেখে প্রতিষ্ঠান প্রধান ও সকল শিক্ষক/শিক্ষিকা এবং সকল শিক্ষার্থীর উপস্থিতিতে যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন এবং প্রভাতে ৫২'র ভাষা আন্দোলনে শহিদদের স্মৃতির উদ্দেশ্যে প্রভাত ফেরী করে শহিদ মিনারে শ্রদ্ধা জ্ঞাপন, রচনা প্রতিযোগিতা, দিবসটির সাথে সঙ্গতি রেখে কবিতা, গল্প ও সৃজনশীল লেখা লিখে এবং এঁকে দেয়ালিকায় উপস্থাপনের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

বিঃদ্রঃ সূর্যোদয়ের সাথে সাথে পতাকা বিধিমালা অনুসারে জাতীয় পতাকা অর্ধনমিত রাখার বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ (১) ২১ শে ফেব্রুয়ারি উদযাপন সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা ০১ ফর্দ।
(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের চিঠি ১ ফর্দ।
(৩) ২১ শে ফেব্রুয়ারি ২০২৫ উদযাপন সংক্রান্ত প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী ০৫ ফর্দ।

১৩.০২.২০২৫
মোঃ শাহীন আকতার
জেলা শিক্ষা অফিসার
ঠাকুরগাঁও
ফোন: ০২৫৮৯৯৩১২৬৫
E-mail:thakurgaondeo2008@yahoo.com

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, (সকল), ঠাকুরগাঁও।

স্মারক নম্বর: ৩৭.০২.৯৪০০.০০০.০৯.০০১.২৫. ১৯২৯/৫ তারিখ: ১৩-০২-২০২৫ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/অবগতির জন্য

০১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
০২। জেলা প্রশাসক,ঠাকুরগাঁও।
০৩। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
০৪। অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার------------------------, (সকল), ঠাকুরগাঁও। ( তাঁর প্রতিষ্ঠানে মহান শহিদ দিবস ও আন্তজার্তিক মাতৃভাষা দিবস ২০২৫ যথাযোগ্য মর্যাদায় উদ্যাপনের বিষয়টি নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)।
০৫। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
রানীশংকৈল, ঠাকুরগাঁও।

স্মারক নং-উমাশিঅ/রাণী/ঠাক/১২৬/২০২৫/৩২ তারিখঃ ১৩/০২/২০২৫ খ্রিঃ।

অনুলিপি: সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলোঃ

০১। প্রতিষ্ঠান প্রধান(সকল),.......................................................................কলেজ/স্কুল এন্ড কলেজ/বিদ্যালয়। সংযুক্ত পত্রের মর্মানুযায়ী মহান শহীদ দিবস ও আর্ন্তজাতিক মার্তৃভাষা দিবস যথাযোগ্য মর্যাদায় পালনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
০২। অফিস কপি।

13/02/2025
( মোঃ তোবারক হসেন )
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
রানীশংকৈল, ঠাকুরগাঁও।

# ২১ শে ফেব্রুয়ারি উদযাপন সংক্রান্ত বিস্তারিত নির্দেশনা

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারদের জন্য নির্দেশনাঃ

* উচ্চ মাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষার্থী A4 সাইজ কাগজে ২১ শে ফেব্রুয়ারী উপলক্ষ্যে রচনা লিখে কভার পেজে প্রতিষ্ঠানের নাম, শিক্ষার্থীর নাম, শ্রেণি, রোল এবং অভিভাবকের মোবাইল নম্বর লিখে স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠানে জমা দিবে।

* ঠাকুরগাঁও সদর উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠান তাঁর শিক্ষা প্রতিষ্ঠানের ক্যাটাগরি ভিত্তিক একটি করে শ্রেষ্ঠ রচনা উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, সদরে আগামী ১৮/০২/২৫ খ্রিঃ তারিখের মধ্যে মধ্যে জমা দিবে এবং উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ঠাকুরগাঁও সদর তাঁর উপজেলায় জমাকৃত সকল রচনা জেলা শিক্ষা অফিসে আগামী ১৯/০২/২৫ খ্রিঃ তারিখের মধ্যে জমা দিবেন।

* রচনা প্রতিযোগীতার গ্রুপ ও বিষয়

| গ্রুপ | রচনার বিষয় | শ্রেণী | মন্তব্য |
|---|---|---|---|
| গ্রুপ-ক | একুশে ফেব্রুয়ারি কি, কেন এবং এর গুরুত্ব | ৬ষ্ঠ-৮ম শ্রেণী | |
| গ্রুপ-খ | একুশে ফেব্রুয়ারি তারুণ্যের গর্ব, সকল আন্দোলনে প্রেরণার উৎস | ৯ম-১০ম শ্রেণী | |
| গ্রুপ-গ | একুশে ফেব্রুয়ারি তারুণ্যের গর্ব, সকল আন্দোলনে প্রেরণার উৎস | ১১শ-১২শ শ্রেণী | |

* প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান সকালে স্ব স্ব ব্যানার নিয়ে প্রভাত ফেরি করে নিকটস্থ শহীদ মিনারে শ্রদ্ধাঞ্জলি দিবে।

* সদর উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানকে ২১ ফেব্রুয়ারী উপলক্ষ্যে বড় মাঠে আয়োজিত বই মেলা হতে বই কেনার জন্য অনুরোধ করা হলো।

* প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান দিবসটির সাথে সংগতিপুর্ণ রচনা সুন্দর হাতের লেখা (বাংলা) চিত্রাংকন এবং কবিতা আবৃত্তি প্রতিযোগিতার আয়োজন পূর্বক উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে স্বচিত্র/সংক্ষিপ্ত ভিডিও ধারণ করে সংশ্লিষ্ট উপাজেলা মাধ্যমিক শিক্ষা অফিসে প্রেরণ করবে।

* প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠান ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের নিয়ে ২১ ফেব্রুয়ারী উপলক্ষ্যে একটি দেয়ালিকা পত্রিকা প্রকাশ করবে।

১৬.০২.২০২৫

(মোঃ শাহীন আকতার)
জেলা শিক্ষা অফিসার
ঠাকুরগাঁও
ফোন: ০২-৫৮-৯৯৩১২৬৫
E-mail: thakurgaondeo2008@yahoo.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.২৩.০০১.২২(অংশ-১)-৭১৭/৬

তারিখ: ২৮ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১১ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রি.

বিষয়: 'শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫' উদ্‌যাপন সংক্রান্ত।

সূত্র: (১) সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের স্মারক নং-৪৩.০০.০০০০.১২৪.২৩.২২১.২৪.৪১, তারিখ: ১৫/০১/২০২৫ খ্রি.
(২) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর স্মারক নং-৩৭.০০.০০০০০.০৬২.০৪.০০৬.২৪-৪৬, তারিখ: ৩০/০১/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের গত ০৭ জানুয়ারি ২০২৫ তারিখ 'শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫' উদ্‌যাপন সংক্রান্ত সভার সিদ্ধান্ত ও মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়-এর সূত্রোক্ত পত্রের নির্দেশনা মোতাবেক এ অধিদপ্তরের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান ও দপ্তরকে নিম্নবর্ণিত কর্মসূচি পালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

| ক্রমিক | কর্মসূচি |
|---|---|
| ১. | একুশে ফেব্রুয়ারি মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবসে সকল শিক্ষা প্রতিষ্ঠান ও দপ্তরে পতাকা বিধিমালা অনুযায়ী জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। |
| ২. | যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের লক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সংগতি রেখে সকল শিক্ষা প্রতিষ্ঠানে স্ব-স্ব কর্মসূচি প্রণয়নপূর্বক দিবসটি উদ্‌যাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। |

উল্লেখ্য, 'শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৫' উদ্‌যাপন সংক্রান্ত সূত্রোক্ত স্মারকের পত্রসমূহ প্রয়োজনীয় কার্যার্থে সংযুক্ত আকারে প্রেরণ করা হলো।

(মোঃ খালিদ হোসেন)
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)
ফোন: ০২-২২৩৩৫০০৬৮

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)/ পরিচালক, এইচএসটিটিআই (সকল);
২. অধ্যক্ষ, সরকারি কলেজ/বেসরকারি কলেজ/টিচার্স ট্রেনিং কলেজ(সকল);
৩. উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল;
৪. জেলা শিক্ষা অফিসার (সকল জেলা);
৫. প্রধান শিক্ষক, সরকারি/বেসরকারি বিদ্যালয় (সকল);
৬. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. পরিচালক (কলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/অর্থ ও ক্রয়/মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৩. প্রকল্প/স্কিম পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৪. উপপরিচালক (সাধারণ প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৫. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ই.এম.আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
৭. সংরক্ষণ নথি।